# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 18-01-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করেছে শিয়ালদা আদালত।

আগামী সোমবার সাজা ঘোষণা।

২) উত্তর দিনাজপুরের গোয়ালপোখরে দুই পুলিশ কর্মীকে গুলি করে পলাতক বিচারাধীন বন্দি সাজ্জাক আলম পুলিশের গুলিতে নিহত হয়েছে।

৩) বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্র ও রাজ্য সরকারের অংশীদারি নিয়ে পদ্ধতিগত জটিলতা কাটাতে এস এন এস স্পর্শ নামে একটি নতুন ব্যবস্থাপনা চালু হচ্ছে।

৪) উচ্চ-প্রাথমিকে শূন্য পদে শিক্ষক নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশনের তৃতীয় দফার কাউন্সেলিং আগামী ২৮-শে জানুয়ারী শুরু হচ্ছে।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

oooooooooooooooooo

আরজি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করেছে শিয়ালদা আদালত। আজ শুনানিতে বিচারক অনির্বাণ দাস জানান, সিবিআই যে তথ্য প্রমাণ দিয়েছে, তাতে সঞ্জয়ের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত। ভারতীয় ন্যায় সংহিতার ৬৪, ৬৬, ১০৩(১) ধারায় চার্জগঠন করা হয়েছে। আগামী সোমবার এই মামলার সাজা ঘোষণা হবে বলে আইনজীবীরা জানিয়েছেন। সঞ্জয় অবশ্য আদালতে আবার দাবি করে, তাকে ফাঁসানো হয়েছে।

উল্লেখ্য, গত বছর ৮ ও ৯-ই আগস্টের মধ্যরাতে RG KAR হাসপাতালের সেমিনার হলে ওই চিকিৎসককে ধর্ষণ করে হত্যা করা হয়। ৯-ই আগস্ট সকালে আর জি কর হাসপাতালের সেমিনার হল থেকে উদ্ধার হয় ওই চিকিৎসকের দেহ । তদন্তে নেমে পরদিনই কলকাতা পুলিশ সঞ্জয় রায় নামে ঐ সিভিক ভলান্টিয়ারকে গ্রেপ্তার করে।

এরপর কলকাতা হাইকোর্ট ১৩-ই আগস্ট সিবিআই-কে এই মামলার তদন্ত ভার দেয়। ১৮-ই আগস্ট স্বতঃপ্রণোদিত হয়ে মামলা শোনার কথা জানায় সুপ্রিম কোর্ট।

এদিনের নির্দেশ সম্পর্কে নির্যাতিতার আইনজীবী অমর্ত্য দে বলেন –

(বাইট)

আর জি কর মামলায় কোন বিচার পাওয়া যায়নি বলে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট জানিয়েছে। চিকিৎসকদের আন্দোলনের অন্যতম মুখ ডাক্তার অনিকেত মাহাতো বলেছেন, ঘটনায় একজন জড়িত না একাধিক সেই নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে।

(বাইট)

এদিকে, সুবিচারের দাবিতে আজ ফের পথে নেমেছেন চিকিৎসক ও নার্সরা।

তৃনমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, আদালতের এই রায় থেকে স্পষ্ট কলকাতা পুলিশের তদন্ত সঠিক পথেই এগোচ্ছিল।

(বাইট)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আদালতের রায়কে স্বাগত জানিয়ে বলেছেন,

(বাইট)

রাজ্যের পুলিশ আসল অপরাধীদের আড়াল করার চেষ্টা করেছে বলে অভিযোগ করেছেন বর্ষীয়ান কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

(বাইট)

oooooooooooooooooo

সিপিআইএম নেত্রী বৃন্দা কারাত  আজকের রায় ঘোষণার পর রাজ্য সরকার আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ এবং প্রশাসনকে দায়ী করেছেন। তিনি বলেছেন, একটি দুর্নীতি চক্রের কারণেই ওই ধর্ষণ ও হত্যার ঘটনা ঘটেছে।

ooooooooooooooooo

এদিকে, এই রায় প্রসঙ্গে এস ইউ সি আই কমিউনিষ্টের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য বলেন, কোর্টের রায় বাস্তবে কলকাতা পুলিশের বক্তব্যেই শীলমোহর দিয়েছে। রাজ্য প্রশাসন দোষীদের আড়াল করা, হাসপাতালের একটি অংশে ভাঙচুর সহ প্রমাণ লোপাটের অপচেষ্টার মাধ্যমে বিচার প্রক্রিয়াকে ব্যাহত করার কাজ করেছে বলেও তিনি অভিযোগ করেন। দলের তরফে এদিন পশ্চিম বর্ধমানের দুর্গাপুর কোর্ট চত্ত্বরে বিক্ষোভ দেখানো হয়।

oooooooooooooooo

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর ঘটনায় চিকিৎসকদের সাসপেনশনের নির্দেশ প্রত্যাহারের দাবিতে কলেজের অধ্যক্ষ, হাসপাতালের সুপার এবং জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিককে আজ ঘেরাও করেন ডাক্তারি পড়ুয়ারা।

এদিকে, জুনিয়র চিকিৎসকরা আংশিক কর্ম বিরতি পালন করলেও হাসপাতালের পরিষেবায় বিশেষ কোনো প্রভাব পড়েনি।

অন্যদিকে, জাতীয় মহিলা কমিশনের সদস্য ডক্টর অর্চনা মজুমদার আজ মেদিনীপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সহ অন্যান্য স্বাস্থ্যকর্তাদের সঙ্গে ঐ হাসপাতালেই বৈঠক করেন। কলেজ থেকে বেরোনোর সময় ডক্টর মজুমদারের সঙ্গে সাক্ষাৎ করে জুনিয়ার চিকিৎসকরা তাঁদের দাবির কথা জানান।

oooooooooooooooo

উত্তর দিনাজপুরের গোয়ালপখোরের পাঞ্জিপাড়ায় দুই পুলিশ কর্মীকে গুলি করে পালানোর ঘটনায় যুক্ত বিচারাধীন বন্দী সাজ্জাক আলাম, পুলিশের এনকাউন্টারে নিহত হয়েছে। এডিজি আইনশৃঙ্খলা জাভেদ শামীম জানিয়েছেন, চোপড়া সীমান্ত দিয়ে পালানোর সময় পুলিশ বাধা দিলে গুলি চালায় সাজ্জাক। পাল্টা পুলিশের গুলিতে আহত হয় সে। তিনটি গুলি লাগে তার বাম কাঁধে, পিঠে ও পায়ে। এরপর হাসপাতালে চিকিৎসা চলাকালীন মৃত্যু হয় তার।

(বাইট-জাভেদ)

ooooooooooooooo

মালদার কালিয়াচকে তৃণমূল কংগ্রেস কর্মী হাসা শেখ খুনে মূল অভিযুক্ত জাকির শেখ-কে সাতদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত। গতকাল রাতে তাকে পুলিশ গ্রেফতার করে। এই ঘটনার তদন্তে নেমে জাকির ঘনিষ্ঠ আমির হামজাকে গ্রেফতার করে পুলিশ। কিন্তু মূল অভিযুক্ত জাকির শেখ পলাতক ছিল। গতরাতে যদুপুর এলাকা থেকে পুলিশ তাকে গ্রেফতার করে।

উল্লেখ্য, গত মঙ্গলবার মালদহের কালিয়াচক থানার নওদা-যদুপুর তৃণমূল কর্মী হাসা শেখকে নৃশংসভাবে খুন করা হয়। আহত হয় আরও দু-জন।

oooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , আগামী রবিবার ১৯ শে জানুয়ারী আকাশবাণীতে 'মন কি বাত'-অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৮তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১ টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

oooooooooooooooo

বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্র ও রাজ্য সরকারের অংশীদারীত্ব নিয়ে পদ্ধতিগত জটিলতা কাটাতে নতুন ব্যবস্থা চালু করা হচ্ছে। ওইসব প্রকল্পে দ্রুত বরাদ্দের যোগান সুনিশ্চিত করতে এসএনএস স্পর্শ নামে একটি নতুন ব্যবস্থাপনা তৈরি করা হয়েছে । নতুন এই ব্যবস্থা চালু হলে কেন্দ্রীয় প্রকল্পে অর্থের যোগানে পদ্ধতিগত জটিলতার

অবসান হবে। নয়া ব্যবস্থাপনা চালু হওয়ার পর আগামী বছরের রাজ্য বাজেটে চালু কেন্দ্রীয় প্রকল্পগুলিতে কেন্দ্র ও রাজ্যের বরাদ্দের পরিমাণ আর আলাদা করে উল্লেখ করা হবে না। রাজ্যের অর্থ সচিব প্রভাত কুমার মিশ্র সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ওই সব প্রকল্পে রাজ্য ও কেন্দ্রের বরাদ্দের কথা উল্লেখ করার আর প্রয়োজন নেই।

oooooooooooooooooooo

উচ্চ প্রাথমিকে শূন্য পদে শিক্ষক নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশনের তৃতীয় দফার কাউন্সেলিং শুরু হতে চলেছে। আগামী ২৮ থেকে ৩১ শে জানুয়ারি পর্যন্ত এই পর্বে মোট ১ হাজার ৫৪৩ জন প্রার্থীকে ডাকা হয়েছে। ২২ শে জানুয়ারি থেকে প্রার্থীরা কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট থেকে ইন্টিমেশন লেটার ডাউনলোড করতে পারবেন। উল্লেখ্য উচ্চ প্রাথমিকে নিয়োগের জন্য এখনো পর্যন্ত ১১ হাজার ৩৪৪ জন প্রার্থীকে এই কাউন্সেলিং-এ ডাকা হয়েছে। তার মধ্যে ৮ হাজার ৬৫১ জন চাকরির সুপারিশ পত্র গ্রহণ করেছেন।

oooooooooooooooooooo

অবিলম্বে শ্রম কোড বাতিল , দ্রব্য মূল্য বৃদ্ধি রোধ, বেসরকারিকরণের প্রতিবাদ ও সকলের জন্য সামাজিক সুরক্ষা চালু সহ একাধিক দাবিতে বাম শ্রমিক ইউনিয়ন CITU, সারা ভারত কৃষক সভা, সারা ভারত খেত মজুর ইউনিয়ন ও পশ্চিমবঙ্গ বস্তি উন্নয়ন সমিতি আগামী বিশে এপ্রিল কলকাতায় ব্রিগেডে সমাবেশের ডাক দিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে CITU র রাজ্য সম্পাদক অনাদি সাহু একথা জানান। তিনি অভিযোগ করে বলেন, কেন্দ্রীয় সরকারের উদার অর্থনৈতিক নীতি , শ্রমিক, কৃষক সহ দেশের সব অংশের মানুষের উপর ভয়ংকর আক্রমণ নামিয়ে এনেছে। পাশাপাশি রাজ্য সরকারের স্বেচ্ছাচারিতা, দুর্নীতির পাশাপাশি বেকারত্ব বাড়ছে বলেও তার অভিযোগ।

oooooooooooooooooooo

মালদার বৈষ্ণবনগর থানার সুখদেবপুরে ভারত – বাংলাদেশ সীমান্তে আজ ভারতীয় এবং বাংলাদেশের কৃষকদের মধ্যে বচসা এবং সংঘর্ষের জেরে নতুন করে উত্তেজনা ছড়ায়। সুখদেবপুর গ্রামের বাসিন্দাদের অভিযোগ বাংলাদেশী দুষ্কৃতিরা রাতের অন্ধকারে তাদের ফসল কেটে নিয়ে গেছে। এর প্রতিবাদে বিএসএফ-কে সঙ্গে নিয়ে গ্রামবাসীরা জায়গাটি দেখাতে নিয়ে গেলে তাদের ওপর হামলা চলে বলে অভিযোগ। ছোঁড়া হয় ইটপাটকেল। যদিও বি এস এফ-এর তরফে এক বিবৃতিতে বিষয়টি দু-দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে কোন সমস্যা নয় বলে জানানো হয়েছে। দু-পক্ষের কৃষকদের বচসা ঠেকাতেই বিএসএফ এবং বিজিবি হস্তক্ষেপ করেছে বলে ওই বিবৃতিতে জানানো হয়েছে।

ooooooooooooooooooooo

দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সংঘ আদ্যাপীঠ মন্দিরের ৫৮ তম প্রতিষ্ঠা দিবস, শ্রী শ্রী অন্নদা ঠাকুরের ১৩৪ তম জন্ম উৎসব ও ১০৪ তম সিদ্ধ উৎসব উপলক্ষ্যে আজ সংঘের তরফে দরিদ্র মানুষদের মধ্যে খাদ্য, বস্ত্র ও কম্বল বিতরণ করা হয়। সর্বধর্ম সমন্বয় ও চিরন্তন সৌভাতৃত্ব নিয়ে বিশেষ আলোচনারও আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, বিধায়ক ডক্টর নির্মল মাজি, প্রাক্তন বিচারপতি সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। সংঘের সাধারণ সম্পাদক ব্রহ্মচারী মুরাল ভাই তার বক্তব্যে সকলের মঙ্গল কামনা করে বিশ্ব শান্তির পক্ষে সওয়াল করেন। বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের উপর অত্যাচারের সমালোচনা করে, এই বিষয়ে ভারত সরকারের হস্তক্ষেপ করা উচিত বলে মত প্রকাশ করেন। আর্ত মানুষের সেবায় অদ্যাপীঠ সংঘের ভূমিকার প্রশংসা করেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়

oooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের ছোটো নদীগুলিকে পুনরুজ্জীবিত করে তোলার বিষয়ে সচেতনতার লক্ষে আজ বীরভূমের সিউড়িতে তিলপাড়া ব্যারেজ থেকে আজ বিকেলে এক সাইকেল Rally-র সূচনা হয়েছে। পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ সহ ১৫-টি পরিবেশ প্রেমী সংগঠনের উদ্যোগে এই Rally দক্ষিণবঙ্গের ৯-টি জেলার মধ্য দিয়ে প্রায় সাড়ে ৬-শো কিলোমিটার পথ অতিক্রম করবে। বিভিন্ন জেলায় অবস্থিত ছোটো এবং প্রায় অবলুপ্ত হয়ে যাওয়া নদীগুলিকে বাঁচিয়ে তুলতে এই সাইকেল মিছিল থেকে বার্তা দেওয়া হবে। আগামী ২৯-শে জানুয়ারী কলকাতায় এই মিছিল শেষ হবে।

oooooooooooooooooooooo

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে আগামীকাল আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল এফসি গোয়ার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ১৫ টি করে ম্যাচ খেলেছে। গোয়া ২৭ পয়েন্ট নিয়ে লিগতালিকায় চতুর্থ স্থানে, ইস্টবেঙ্গল ১৪ পয়েন্ট নিয়ে একাদশ স্থানে রয়েছে

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo